

স্মারক নং-৩২.০১.৩২৮৮.০০০.১৪.০০২.২১-১৯৭


তারিখঃ ০৪/১০/২৩খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তরধীন “কিশোর কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের আওতায় সাঘাটা উপজেলার অধীনে স্থাপিত ক্লাবসমূহের জন্য দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ে নিম্নে উল্লেখিত শূন্য পদে নিয়োগের জন্য প্যানেল তৈরির লক্ষ্যে যোগ্য ও অগ্রাধী প্রার্থী হিসেবে বাংলাদেশী স্থায়ী নাগরীকদের নিকট থেকে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রম নং	পদের নাম, বেতন/ সাকুল্যে বেতন	পদের সংখ্যা	যোগ্যতা
০১	সংগীত শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন)	০১ (এক) জন	এস এস সি পাশ এবং সংগীত বিষয়ে ডিপ্লোমা/ শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/ রেডিও টিভির তালিকাতুল্য শিল্পী/ সংগীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধীকার দেওয়া হবে।
০২	আবৃত্তি শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন)	০১ (এক) জন	এস এস সি পাশ এবং আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা/ শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/ রেডিও টিভির তালিকাতুল্য শিল্পী/ আবৃত্তি শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধীকার দেওয়া হবে।

- ০১। প্রার্থীকে আগামী ২০/১০/২০২৩ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, সাঘাটা, গাইবান্ধা বরাবরে লিখিতভাবে আবেদন করতে হবে।
- ০২। সংগীত শিক্ষক/ আবৃত্তি শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে সাঘাটা উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০৩। সরকার নির্ধারিত কোটায় (শহীদ মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তান/ এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতী, আনসার ও ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত কার্যকর হবে।
- ০৪। আগামী ২০/১০/২০২৩ তারিখ সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর এর মধ্যে হতে হবে তবে নির্ধারিত বয়স সীমার মধ্যে কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- ০৫। আবেদন পত্রের সাথে প্রার্থীর সম্পত্তি তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি সংযুক্ত করতে হবে।
- ০৬। আবেদন পত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম উল্লেখ করতে হবে।
- ০৭। চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ০৮। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ, নাগরিকত্বের সনদ জমা দিতে হবে। সকল সনদপত্র ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক নামাঙ্কিত সীল সহ সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ০৯। নির্ধারিত তারিখের পর কোন আবেদন পত্র এবং অসম্পূর্ণ/ ক্রটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১০। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং চাকুরিতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।
- ১১। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ /ডিএ প্রদান করা হবেনা।
- ১২। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

 ০৪.১০.২০২৩

মোঃ ইসহাক আলী

উপজেলা নির্বাহী অফিসার

সাঘাটা, গাইবান্ধা।